



B. E. COLLEGE MODEL HIGH SCHOOL

P.O. : B. GARDEN, HOWRAH - 711 103

PHONE : 2668-1034

website : www.becollegemodelschool.org

তাং - ২৬/১১/২০২০

২০২১ শিক্ষাবর্ষে পঞ্চম শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

(কেবলমাত্র অন্যান্য বিদ্যালয়ের চতুর্থ শ্রেণি উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের জন্য)

সম্পূর্ণ বাংলা মাধ্যমে পঞ্চম শ্রেণিতে ভর্তির জন্য আবেদনপত্র আগামী ৩রা ডিসেম্বর, ২০২০ থেকে ১০ই ডিসেম্বর, ২০২০ পর্যন্ত কাজের দিনগুলিতে বেলা ১১-৩০ থেকে ১-৩০ টা পর্যন্ত কার্যালয় থেকে পাওয়া যাবে। তবে দারিদ্রসীমার নীচে বসবাসকারী ছাত্র/ছাত্রীদের জন্য প্রমাণপত্র দাখিল করলে বিনামূল্যে আবেদনপত্র প্রদান করা হবে।

আবেদনকারী ছাত্র/ছাত্রীদের ১লা জানুয়ারী, ২০২১ তারিখে ন্যূনতম ১০ (দশ) বছর হতে হবে (বর্তমান বছরের নবম শ্রেণিতে রেজিস্ট্রেশনের বয়স অনুযায়ী) এবং বিদ্যালয় থেকে ২ (দুই) কিমি দূরত্বের মধ্যে বসবাসকারী সকল ছাত্র/ছাত্রীদের অগ্রাধিকার দেওয়া হবে। পঞ্চম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে তফশিলী জাতি/উপজাতি/অনগ্রসর শ্রেণির ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষণ নিয়মাবলী প্রযোজ্য।

সঠিকভাবে পূরণ করা আবেদনপত্র জন্মের শংসাপত্রের প্রত্যায়িত জেরক্স কপিসহ আগামী ৪ঠা ডিসেম্বর থেকে ১১ই ডিসেম্বর, ২০২০ পর্যন্ত প্রতিটা কাজের দিন বেলা ১১-৩০ টা থেকে ১-৩০ টার মধ্যে জম্য দেওয়া যাবে। উল্লেখ্য যে, সংরক্ষণের আওতাভুক্ত ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে প্রয়োজনীয় শংসাপত্রের জেরক্সও জমা দিতে হবে।

অন্যান্য বিদ্যালয়ের প্রাথমিক বিভাগের ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে ভর্তির জন্য কোনো লিখিত পরীক্ষা হবে না। তবে সরকারি নির্দেশনামা অনুযায়ী ভর্তিযোগ্য অন্য ছাত্র/ছাত্রীদের নির্বাচন আগামী ১৬ই ডিসেম্বর, ২০২০ বেলা ১১-৩০ টায় লটারীর মাধ্যমে করা হবে। এই সংক্রান্ত বিশদ তথ্যও ১৪ই ডিসেম্বর তারিখে জানানো হবে। [তবে কেবলমাত্র ১৫ জন অভিভাবককে আহ্বান করা হবে।]

২৬/১১/২০২০

আদেশানুসারে
শুভাশিস দত্ত
প্রধান শিক্ষক